# ২০২৩ সালের এইচএসসি/এইচএসসি(ভোঃ) ও আলিম পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠানের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | শামীমা সুলতানা, উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর |
| তারিখ | : | ০৯ আগস্ট, ২০২৩ সময় : বিকাল ৩.০০ টা |
| স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, লালপুর, নাটোর |
| উপস্থিত সদস্য | : | স্বাক্ষরের ক্রমানুসারে ০৬ জন পরিশিষ্ট 'ক'। |

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভাপতি ২০২৩ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি/ এইচএসসি(ভোঃ) এবং আলিম পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর ভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের অনুরোধ জানান। সভায় উপস্থিত উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লালপুর, নাটোর জানান যে, লালপুর উপজেলায় এইচএসসি'র কেন্দ্র সংখ্যা-০২(দুই) টি, আলিম পরীক্ষা কেন্দ্র-০১(এক)টি এবং এইচএসসি(ভোঃ) এর কেন্দ্র-০১(এক) টি। তিনি সভায় জানান যে, লালপুর উপজেলায় ২০২৩ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি, আলিম এবং এইচএসসি(ভোঃ) পরীক্ষায় কেন্দ্রওয়ারি পরীক্ষার্থীর সংখ্যা নিম্নরূপঃ

| ক্রমিক | কেন্দ্রের নাম ও কোড | পরীক্ষার্থী সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | গোপালপুর ডিগ্রী কলেজ কেন্দ্র<br>লালপুর -১-২১৮ | ৩৪০ জন | জেনারেল-<br>১০১৯ জন |
| ০২ | লালপুর ডিগ্রী কলেজ<br>লালপুর-২-২১৯ | ৬৭৯ জন | |
| ০৩ | বালিতিতা আশরাফুল উলুম ফাজিল মাদ্রাসা, লালপুর, নাটোর-২৮৪ | ৯৩ জন | আলিম-৯৩ জন |
| ০৪ | মঞ্জিলপুকুর কৃষি, কারিগরি ও বাণিজ্যিক মহা বিদ্যালয়- | ১মবর্ষ-৪৫৮, ২য় বর্ষ-৪৩১ মোট-৮৮৮ জন | কারিগরি-৮৮৮ জন |
| | মোট পরীক্ষার্থী | ২০০০ জন | - |

সভাপতি জানান লালপুর উপজেলায় ২০২৩ সালের এইচএসসি পরীক্ষায় ১০১৯ জন এবং এইচএসসি(ভোঃ) পরীক্ষায় ৮৮৮ জন এবং আলিম পরীক্ষায় ৯৩ জন শিক্ষার্থী অংশগ্রহণ করবে। সভাপতি অনুষ্ঠিতব্য পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর পরিবেশে গ্রহণের সকল প্রস্তুতি গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল কেন্দ্র সচিবকে পরামর্শ দেন। এছাড়াও সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**সিদ্ধান্তসমূহঃ**

| ক্রমিক | বিবরণ | বাস্তবায়নে |
|---|---|---|
| ১. | প্রত্যেক কেন্দ্রে পরিদর্শক নিয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর |
| ২. | পরীক্ষার্থীদের পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে স্ব স্ব আসন গ্রহণ করতে হবে। | কেন্দ্র সচিব ও সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান |
| ৩. | পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীদের তাৎক্ষণিক স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতিটি কেন্দ্রে একজন করে চিকিৎসক নিয়োগ প্রদানের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, লালপুর, নাটোরকে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ ও পরিবার পরিকল্পনা অফিসার, লালপুর, নাটোর |
| ৪. | পরীক্ষা কেন্দ্রে আইন-শৃংখলা রক্ষার্থে এবং প্রশ্নপত্র নিরাপদে কেন্দ্রে সরবরাহ নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় সংখ্যক পুলিশ সদস্য নিয়োগ প্রদানের জন্য অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর, নাটোরকে অনুরোধ করা হলো। | অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর, নাটোর |
| ৫. | কেন্দ্র সচিব ব্যতীত পরীক্ষা কেন্দ্রে অন্য কোন শিক্ষক/কেন্দ্র কমিটির সদস্য মোবাইল ফোন ব্যবহার করতে পারবে না। কেন্দ্র সচিবগণ স্মার্ট ফোন ব্যবহার করতে পারবেন না। | সকল কেন্দ্র সচিব |

| | | |
|---|---|---|
| ৬. | পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তি ছাড়া অন্য কেউ কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। | সকল কেন্দ্র সচিব |
| ৭. | যে বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে সেই বিষয়ের কোন শিক্ষককে কেন্দ্রে কক্ষ পরিদর্শকের দায়িত্ব প্রদান করা যাবে না। | সকল কেন্দ্র সচিব |
| ৮. | অধ্যক্ষগণ তার প্রতিষ্ঠানের পরীক্ষার্থীর সংখ্যার(১/২০) হারে কক্ষ পরিদর্শকের বিষয়ভিত্তিক তালিকা সংশ্লিষ্ট কেন্দ্র সচিবের নিকট প্রেরণ করবেন। | সংশ্লিষ্ট সকল |
| ৯. | দক্ষ শিক্ষকদের কক্ষ পরিদর্শক হিসেবে মনোনয়ন প্রদানের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের পরামর্শ দেওয়া হলো। | সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান |
| ১০. | প্রতিটি কক্ষে পর্যাপ্ত সাদা আলো এবং দেওয়াল ঘড়ির ব্যবস্থা রাখতে হবে। | সংশ্লিষ্ট কেন্দ্র সচিবগণ |
| ১১. | কেন্দ্র সচিব এবং ভিজিটিং অফিসার ব্যতীত কেউ মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না। | সংশ্লিষ্ট প্রধান শিক্ষক |
| ১২. | কেন্দ্র সচিব অথবা কোন শিক্ষকের সন্তান কিংবা আত্মীয় পরীক্ষার্থী থাকলে সে শিক্ষককে দায়িত্ব প্রদান করা যাবে না। | সংশ্লিষ্ট কেন্দ্র সচিবগণ |
| ১৩. | মঞ্জিলপুকুর কৃষি কারিগরি ও বাণিজ্যিক মহাবিদ্যালয় কেন্দ্রের পরীক্ষা লালপুর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ে/ ভেন্যুতে অনুষ্ঠিত হবে। | সংশ্লিষ্ট সকল |
| ১৪. | এইচএসসি, এইচএসসি (ভোকঃ) ও আলিম পরীক্ষার ক্ষেত্রে ৬ ফুট লম্বা প্রতি বেঞ্চে ২ (দুই) জন এবং ৪ ফুট লম্বা বেঞ্চে ১(এক) জনের আসন ব্যবস্থা করতে হবে। বেঞ্চগুলোর মধ্যে ২ ফুট দূরত্ব/ব্যবধান থাকতে হবে। যে সব কক্ষের জানালা, দরজা ভাঙ্গা সে সব কক্ষে পরীক্ষার্থীদের আসন ব্যবস্থা না করার জন্য কেন্দ্র সচিবগণকে পরামর্শ দেওয়া হলো। পরীক্ষার প্রথম দিন পরীক্ষা আরম্ভ হবার এক ঘন্টা ও পরবর্তী দিন গুলোতে আধ ঘন্টা পূর্বে পরীক্ষা ভবনের দরজা খুলে দিতে হবে। পরীক্ষার্থী এবং পরীক্ষার সাথে সংশ্লিষ্ট ব্যতিত অন্য কেউ যাতে কেন্দ্রে প্রবেশ করতে না পারে তা নিশ্চিত করতে হবে। রাজশাহী শিক্ষা বোর্ড/ কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ডের নির্দেশাবলী অনুসরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ১৫. | আসন গুলো এমনভাবে সাজাতে হবে যাতে একটি হতে অন্যটির যথেষ্ট দূরত্ব বজায় থাকে। কেন্দ্রের একটি আসন বিন্যাস প্রস্তুত করে সকলের দর্শনের জন্য প্রকাশ্য স্থানে ঝুলিয়ে রাখতে হবে। | সংশ্লিষ্ট কেন্দ্র সচিবগণ |
| ১৬. | পরীক্ষা কক্ষের দরজার সম্মুখে প্রয়োজনীয় বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা রাখতে হবে। | সকল কেন্দ্র সচিব |
| ১৭. | পরীক্ষা কেন্দ্রে সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের জন্য ডেপুটি জেনারেল ম্যানেজার, লালপুর পল্লী বিদ্যুৎ সমিতি, লালপুর জোনাল অফিসকে পরামর্শ দেওয়া হলো। | ডেপুটি জেনারেল ম্যানেজার, নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২, লালপুর, নাটোর। |
| ১৮. | পরীক্ষা শেষ হওয়ার সাথে সাথে জেলা প্রশাসকের কার্যালয়ে স্থাপিত নিয়ন্ত্রণ কক্ষে মোবাইল নম্বর-০১৭৩১-৫৬৪২২২ তে পরীক্ষার তথ্য (উপস্থিত, অনুপস্থিত ও বহিস্কৃত ছাত্র, বহিস্কৃত শিক্ষক) ইত্যাদি অবহিতকরণ পূর্বক নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে স্থাপিত পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষের মোবাইল নম্বর-০১৭১৫-৭১৭৫৫১ তে বিষয়টি জানানোর জন্য সকল কেন্দ্র সচিবগণকে পরামর্শ দেওয়া হলো। | সংশ্লিষ্ট সকল কেন্দ্র সচিব |
| ১৯. | সংশ্লিষ্ট কেন্দ্রের ট্যাগ অফিসার পরীক্ষার শুরুর পূর্বে পরীক্ষার কক্ষ পরিদর্শকদের দায়িত্ব বন্টন করে দিবেন। | সকল কেন্দ্র সচিব |
| ২০. | প্রতিটি পরীক্ষা কেন্দ্রের আশে-পাশে পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং প্রয়োজনে মশা নিধনের জন্য কয়েল/ঔষধ স্প্রে করার ব্যবস্থা করতে হবে। | সকল কেন্দ্র সচিব |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ২০২৩ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি/এইচএসসি(ভোঃ) ও আলিম পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর ভাবে অনুষ্ঠানে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত//
(শামীমা সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
লালপুর, নাটোর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালপুর, নাটোর

স্মারক সংখ্যা : ০৫.৪৩.৬৯৪৪.০০০.০৩.০০৮.২০- ৭৩১

তারিখ: ২৫ শ্রাবণ, ১৪৩০ / ০৯ আগস্ট, ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. জেলা প্রশাসক, নাটোর।
২. পুলিশ সুপার, নাটোর।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালপুর, নাটোর।
৪. জেলা শিক্ষা অফিসার, নাটোর।

**জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, লালপুর, নাটোর।
৬. অফিসার ইনচার্জ, লালপুর থানা, লালপুর, নাটোর।
৭. ..................................................... কর্মকর্তা, লালপুর, নাটোর।
৮. অধ্যক্ষ/কেন্দ্র সচিব,
.......................................................................

৯/৮/২০২৩

(শামীমা সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
এইচএসসি/এইচএসসি(ভোঃ) ও আলিম পরীক্ষা কমিটি-২০২৩
লালপুর, নাটোর।